# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ৫৩১২

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (كتاب الرقَاق)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ - তাওয়াক্কুল (আল্লাহর ওপর ভরসা) ও সবর (ধৈর্যধারণ) প্রসঙ্গে

اَلْفصْلُ الثَّالِثُ (بَاب التَّوَكُّل وَالصَّبْر)

---

আরবী

وَعَنْ أَبِي الدَّرْدَاءِ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِنَّ الرِّزْقَ لَيَطْلُبُ الْعَبْدَ كَمَا يَطْلُبُهُ أَجَلُهُ» . رَوَاهُ أَبُو نُعَيْمٍ فِي «الْحِلْيَة»

اسناده ضعیف ، رواہ ابو نعیم فی حلیۃ الاولیاء (6 / 86) * الولید بن مسلم کان یدلس تدلیس التسویۃ ولم یصرح بالسماع المسلسل و للحدیث شاھدان ضعیفان فی الحلیۃ (7 / 90 ، 246) و الکامل لابن عدی وغیرھما ۔

বাংলা

৫৩১২-[১৮] আবুদ দারদা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন : বান্দার রিযক তাকে এভাবে খুঁজে বেড়ায় যেমন তার মৃত্যুকাল তাকে খোঁজ করে। (আবূ নু'আয়ম তাঁর “হিলইয়াহ” গ্রন্থে)

ফুটনোট

সহীহ: আবূ নু'আয়ম হিলইয়াতুল আওলিয়া ৬/৮৬, সহীহ ইবনু হিব্বান ৩২৩৮, আল মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ২৬৭১, শুআবূল ঈমান ১১৯১, মুসনাদে বাযযার ৪০৯৯, সহীহ আত্ তারগীব ওয়াত তারহীব ১৭০৩।

ব্যাখ্যা

ব্যাখ্যা : (إِنَّ الرِّزْقَ لَيَطْلُبُ الْعَبْدَ) বান্দার রিযক তাকে এমনভাবে খুঁজে বেড়ায় যেমনভাবে মৃত্যুকাল তাকে খোঁজ করে। কেননা রিযক ফুরিয়ে গেলেই কেবল মৃত্যুর সময় চলে আসে।
আল্লাহ তা'আলা বলেন, (للّٰهُ الَّذِى خَلَقَكُم ثُمَّ رَزَقَكُم ثُمَّ يُمِيتُكُم ثُمَّ يُحيِيكُم)

“আল্লাহই তোমাদেরকে সৃষ্টি করেছেন, অতঃপর তোমাদেরকে রিযক দিয়েছেন, অতঃপর তিনি তোমাদের মৃত্যু ঘটাবেন, অতঃপর তোমাদেরকে জীবিত করবেন...”- (সূরাহ্ আর রূম ৩০: ৪০)। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবুদ দারদা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85291

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন